

হিজল ISSN 2349-8013 ডিসেম্বর ২০১৭

হিজল

Hijal

ISSN 2349-8013

A bi-annual journal based on research-oriented literary and cultural discourse.

(Refereed Journal)

বর্ষ : ২৪, সংখ্যা : ২য়

প্রকাশ : ডিসেম্বর, ২০১৭

সম্পাদক : সৌরভ রায়

প্রচ্ছদ : রবীন্দ্রনাথ ঠাকুরের আঁকা ছবি

(RABINDRA CHITRAVALI: Paintings of Rabindranath Tagore, Volume - 1

Edited and Introduced by R Siva Kumar; Pratikshan, kolkata; 2011; P. 183)

অক্ষর বিন্যাস : দীপতনু মাল্টিমিডিয়া, শামুকতলা, আলিপুরদুয়ার

মুদ্রণ : টেকনো ওয়ার্ল্ড, শামুকতলা, আলিপুরদুয়ার

বিনিময় : ২০০ টাকা মাত্র

সৌরভ রায় ও রাজু সাহা কর্তৃক

শামুকতলা, পোঃ সান্তালপুর, জেলা - আলিপুরদুয়ার, ৭৩৬২০৬ থেকে প্রকাশিত।

E-mail address : hijal4680@gmail.com, sourav4680@gmail.com

Website : hijalpatrika.wordpress.com

Dipak Maiti

Scanned by TapScanner

১২

রামকুমার মুখোপাধ্যায়ের ছোটগল্প : বিষয় ও কথনের অভিনবত্বে
মধুরিমা সাহা পৃ.- ১০০

১৩

স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্প : সময় ও সমাজের কণ্ঠস্বর
জহিরুল রহমান মণ্ডল পৃ.- ১০৯

১৪

মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের ভাষাশৈলী
কেশব মল্লিক পৃ.- ১১৮

১৫

পূর্ববর্তী ও সমসাময়িক ভাষাভিঘাত : রবীন্দ্র ছোটগল্পের ভাষাশৈলী
মিনাল আলি মিয়া পৃ.- ১২৮

১৬

ভাষিক বাস্তবতন্ত্র
শান্তনু মণ্ডল পৃ.- ১৩৪

১৭

✓ উনিশ শতকের বাংলা সাময়িক পত্রিকায় বিজ্ঞানচর্চা
দীপক মাইতি পৃ.- ১৪০

১৮

অন্নদাশঙ্কর রায়ের শিল্প-সাহিত্য বিষয়ক প্রবন্ধ : সমালোচকসত্তার অন্বেষণ
উত্তম দাস পৃ.- ১৫৬

১৯

শিশু-সাহিত্যের যাত্রাপথ
শম্পা লাহা পৃ.- ১৬৪

২০

বাঁকুড়া জেলার লোকজীবন ও লোকসংস্কৃতির অঙ্গ : বিচিত্র লোকশিল্পকলা
অরুণাভ চট্টোপাধ্যায় পৃ.- ১৬৮

২১

পূর্ববঙ্গের মনসামঙ্গল কাব্যে লোক-উপাদান
অরুণা চক্রবর্তী পৃ.- ১৭৪

২২

দ্বিজ মাধব ও মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল কাব্য' : বৈষ্ণব প্রভাবের আবহ
সুজয় অধিকারী পৃ.- ১৮৪

২৩

নিদ্রাহীন সপ্তরাতের আত্মকথা : নিখিলেশ রায়ের 'কালনাতির কবিতা'
অমিত কুমার বর্মণ পৃ.- ১৯৩

Dipak Maiti

উনিশ শতকের বাংলা সাময়িক পত্রিকায় বিজ্ঞানচর্চা দীপক মাইতি

বিজ্ঞানসাহিত্য বর্তমানে অতিপরিচিত ও জনপ্রিয় শব্দ। সাহিত্য-জগতের এই অন্যতম শাখাটি জনপ্রিয়তার দিক দিয়ে অন্যান্য সাহিত্য শাখার তুলনায় আজ আর পিছিয়ে নেই, বরং কোনো কোনো ক্ষেত্রে অতিক্রম করে গেছে। বাংলা ভাষায় বিজ্ঞান সাহিত্যের রচনা শুরু হয় বাংলাসাহিত্য সৃষ্টির অনেক পরে। খুবই বিক্ষিপ্তভাবে দু'একটি পুঁথি-পত্রে ছাড়া প্রাচীন ও মধ্যযুগীয় বাংলা সাহিত্যে এধরনের রচনার তেমন কোনো নিদর্শন নেই। কারণ, তখন জ্ঞানচর্চার মূল বাহন ছিল সংস্কৃত। ইউরোপীয়দের আগমনের পর, তাঁদের প্রচেষ্টায় উনিশ শতকের দ্বিতীয় দশকে এদেশে পাশ্চাত্য পদ্ধতিতে বাংলা ভাষায় জ্ঞান-বিজ্ঞানচর্চার সূত্রপাত হয়। বাংলা ভাষায় ইউরোপীয়দের জ্ঞান-বিজ্ঞানচর্চার মূল উদ্দেশ্য ছিল এদেশের মানুষকে বিজ্ঞান শিক্ষায় শিক্ষিত করে বিজ্ঞান বিষয়ের প্রতি তাদের সচেতনতা ও কৌতূহল বাড়ানো। এজন্য তাঁরা গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান, ভূগোল প্রভৃতি বিজ্ঞান শাখার বিষয় অবলম্বন করে বিভিন্ন বিজ্ঞান বই রচনা করেন। এপ্রসঙ্গে রবার্ট মে'র 'অঙ্কপুস্তকং' (১৮১৭ খ্রিঃ), জন হার্লের 'গণিতাঙ্ক' (১৮১৯ খ্রিঃ), হপকিন্স পিয়াসের 'ভূগোলবৃত্তান্ত' (১৮১৯ খ্রিঃ), ফেলিক্স কেরির 'বিদ্যাহারাবলী' (১৮২০ খ্রিঃ), উইলিয়াম ইয়েটস্-এর 'পদার্থবিদ্যাসার' (১৮২৪ খ্রিঃ), জন পিয়াসনের 'ভূগোল এবং জ্যোতিষ ইত্যাদি বিষয়ক কথোপকথন' (১৮২৪ খ্রিঃ), জন ম্যাকের 'কিমিয়াবিদ্যাসার' (১৮৩৪ খ্রিঃ) প্রভৃতি বইয়ের নাম উল্লেখ্য। বিদেশি লেখকদের পাশাপাশি সেই সময়ে এদেশীয় বাঙালি লেখকরাও বিজ্ঞান বিষয়ক বই রচনায় বিশেষ আগ্রহ দেখিয়েছিলেন। রামকমল সেনের 'ঔষধসার' (১৮১৯ খ্রিঃ), রামমোহন রায়ের 'জ্যাগ্রাহী', 'খগোল',^২ রাধাকান্ত দেবের 'বাঙ্গালা শিক্ষাগ্রন্থ' (১৮২১ খ্রিঃ), হলধর সেনের 'বাংলা অঙ্কপুস্তক' (১৮৩৯ খ্রিঃ), অক্ষয়কুমার দত্তের 'ভূগোল' (১৮৪১ খ্রিঃ), 'চারুপাঠ' (প্রথম খন্ড- ১৮৫৩ খ্রিঃ, দ্বিতীয় খন্ড- ১৮৫৪ খ্রিঃ), ও 'পদার্থবিদ্যা' (১৮৫৬ খ্রিঃ), কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের 'বিদ্যাকল্পক্রম',^৩ রাজেন্দ্রলাল মিত্রের 'প্রাকৃত-ভূগোল' (১৮৫৪ খ্রিঃ) ও ভূদেব মুখোপাধ্যায়ের লেখা 'ক্ষেত্রতত্ত্ব' (১৮৬২ খ্রিঃ) প্রভৃতি বইগুলি যার নমুনা।

বাংলা বিজ্ঞানালোচনায় এইসমস্ত বিজ্ঞান বইগুলির অবদান অস্বীকার করা যায় না ঠিকই, তবু একথা নিঃসন্দেহে বলা যায় উনিশ শতকে বিজ্ঞান সাহিত্যের উন্নতিতে বিজ্ঞান বই অপেক্ষা তৎকালীন বিভিন্ন সাময়িক পত্রিকার অবদান ছিল অনেক বেশি। বিদ্যালয়ের নির্দিষ্ট পাঠগণ্ডি থেকে ছাড়িয়ে বিজ্ঞানের আলোচনা সর্বসাধারণের মধ্যে ছড়িয়ে দিতে গুরুত্বপূর্ণ দায়িত্ব নিয়েছিল সাময়িক পত্রিকা। এপ্রসঙ্গে প্রথমেই উল্লেখ করতে হয় মার্শম্যান সম্পাদিত 'দিগ্দর্শন' (এপ্রিল, ১৮১৮ খ্রিঃ) পত্রিকার নাম। এই পত্রিকাটি বিজ্ঞান পত্রিকা নয়, কিন্তু এই পত্রিকায় অন্যান্য রচনার সাথে পদার্থবিজ্ঞান, ভূগোল, ভূবিদ্যা, জ্যোতির্বিজ্ঞান, রসায়ন, প্রাণীবিজ্ঞান প্রভৃতি বিষয়ের একাধিক রচনা নিয়মিত প্রকাশিত হয়েছে। এই মন্তব্যের সমর্থনে 'দিগ্দর্শন' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞান বিষয়ক

Dipak Maiti